## বিজয়নগর উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২১ খ্রি. মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব নাছিমা মুকাই আলী
চেয়ারম্যান
বিজয়নগর উপজেলা পরিষদ
ব্রাহ্মণবাড়িয়া।

তারিখ : ৩০/১২/২০২১ খ্রি. সময় সকাল ১১.০০ টা

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল বিভাগীয় প্রধান ও জনপ্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগরকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর সকলকে স্বাগত জানান ও সভার কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি নভেম্বর-২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, চলতি বোরো মৌসুমে ২০০০ জন কৃষক কৃষাণীকে উফশী ধান বীজ ও সার ৪৭০০ জনকে হাইব্রিড বীজ প্রণোদনা ও পুর্ণবাসন এর আওতায় সহায়তা দেওয়া হয়েছে। চলতি বোরো মৌসুমে বোরো ধান আবাদ এর লক্ষ্যমাত্রা ১৩৫৮৫ হেক্টর। সরিষা ২০০ হেঃ আবাদ হয়েছে। নতুন ফল বাগান (মালটা) স্থাপন ও পরিচর্যা চলছে। সারের ঘাটতি হওয়ার কোন সম্ভাবনা নেই। এছাড়া নিরাপদ ফসল উৎপাদনের লক্ষ্যে পরিবেশ বান্ধব কৃষি বিষয়ে বেশ কয়েকটি স্কুল স্থাপিত হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১. হাইব্রিড বীজ প্রনোদনা বিতরণের কাজ সঠিকভাবে এবং সর্বোচ্চ সতর্কতার সাথে বাস্তবায়ন করতে হবে। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিজয়নগর। |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর/২০২১ইং মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও বিভিন্ন ক্যাম্পেইন এর মাধ্যমে ১ম ও ২য় ডোজ মোট ৬৯৪৫৭ জনকে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান করা হয়। মা ও শিশুদের টিকাদান কার্যক্রম মোট ৭৭৮ জনকে বিভিন্ন ডোজের মাধ্যমে টিকা প্রদান করা হয়। বহিঃ বিভাগে মোট রোগীর সংখ্যা-১১৭৯জন। আন্তঃ বিভাগে মোট রোগীর সংখ্যা-১৪৪জন। জরুরী বিভাগে মোট রোগীর সংখ্যা-৭৬জন। নরমাল ডেলিভারী মোট-০৩জন। স্বাস্থ্য কমপ্লেক্সে শিক্ষার্থীদেরকে ফাইজার ভ্যাকসিন দেওয়া অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ টিকা গ্রহণের জন্য জনগণকে উদ্বুদ্ধ করতে হবে।<br>২. প্রত্যেক ইউনিয়নে মাইকিং করে রেজিস্ট্রেশন পদ্ধতিসহ সংশ্লিষ্ট বিষয়ে জনগণের বিভ্রান্তি দূর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩। উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, বিজয়নগর উপজেলার ১০টি ইউনিয়নে এলজিইডি'র বিভিন্ন প্রকল্পের আওতায় অবকাঠামোগত উন্নয়ন কর্মকান্ড এবং বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ চলমান আছে। তিনি সকল কাজে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা প্রকৌশলী সভা আরো জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় র.আ.ম. উবায়দুল মোকতাদির চৌধুরী বিদ্যানিকেতনে পাঠদানের নিমিত্তে ভবন নির্মাণ, প্যাকেজ নং- **INF**/২০১৮-১৯-২০১২০৭-০১ কাজটি প্রাক্কলন ও স্পেসিফিকেশোন মোতাবেক ১০০% সমাপ্ত হইয়াছে। চূড়ান্ত বিলের বিবরণ নিম্নরূপঃ-<br>মোট বিল = ২৭,২৪,২৪৪/-<br>কর্তনাদি (-)<br>আয়কর-৩% = ৮১,৭২৮/-<br>ভ্যাট- ৭.৫% = ২,০৪,৩১৯/-<br>নীট বিল = ২৪,৩৮,১৯৭/- (আয়কর ও ভ্যাট ব্যতিত)<br>তিনি উল্লেখিত টাকার বিলটি সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | ১. উন্নয়ন প্রকল্পসমূহের নির্মাণ কাজের গুণগত মান বজায় রাখার জন্য নিয়মিত তদারকি অব্যাহত রাখতে হবে।<br>০২. সভায় বিস্তারিত আলোচনায়ে কাজটি সুষ্ঠভাবে বাস্তবায়ন হওয়ায় সর্বসম্মতিক্রমে চূড়ান্ত বিলটি অনুমোদন পূর্বক ঠিকাদারকে বিলটি পরিশোধের নিমিত্তে অর্থ বরাদ্দের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |

| | | | |
|---|---|---|---|
| ৪. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর / ২১ মাসে অত্র উপজেলায় দীর্ঘমেয়াদী পদ্ধতির সেবা দেওয়া হয়েছে আইইউডি সেবা ১৫ জন ও ইমপ্ল্যান্ট সেবা ২৮ জন। স্থায়ী পদ্ধতির ০৭ জন মহিলাকে সেবা দেওয়া হয়েছে। স্বল্প মেয়াদী সেবা গ্রহণকারীদের মধ্যে বিতরন/প্রয়োগ করা হয়েছে খাবার বড়ি ৬২০৮ পিস, কনডম ১০২৩৬ পিস, ইনজেকশন ১৩১৬ ভায়েল। পদ্ধতি গ্রহণকারীর হার (CAR): ৭৩.৭৮%। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ১. উপজেলায় প্রত্যেক ইউনিয়নে বাড়ি বাড়ি গিয়ে মাঠ পর্যায়ের কর্মীরা আরোও জন্মহার কমানোর জন্য পদক্ষেপ নিবেন এবং পরিবার পরিকল্পনা কর্মকর্তা উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে পদক্ষেপ নিবেন। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিজয়নগর। |
| ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, এইচ এসসি/২২ পরীক্ষার্থীদের ১২ হতে ১৭ বছরের শিক্ষার্থীদের ভ্যাকসিন এর ১ম ডোজ কার্যক্রম চলমান রয়েছে। ২০২২ শিক্ষা বর্ষের ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠপুস্তক বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির ছাত্রীদের প্রদানের জন্য ফলিক এসিড ট্যাবলেট প্রতিষ্ঠানে বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে। | ১. এইচএসসি ও সমমানের পরীক্ষার্থীদের ১ম ডোজ ভ্যাকসিন দেওয়ার জন্য মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তদারকি করবেন।<br>০২. কোনোরূপ সমস্যা পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিজয়নগর। |
| ৬। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, প্রাক প্রাথমিক (বই) চাহিদা-৮৯৭৫, বরাদ্দ ৮৯৭৫, প্রাপ্তি- ৮৯৭৫, প্রাপ্তির হার ১০০%, প্রাক প্রাথমিক (অনুশীলন খাতা) চাহিদা ৮৯৭৫, বরাদ্দ ৮৯৭৫, প্রাপ্তি ৮৯৭৫, প্রাপ্তির হার ১০০%। ১মশ্রেণি-চাহিদা-২৮৯৯৫, বরাদ্দ-২৮৯৯৫, প্রাপ্তি-২৮৯৯৫, প্রাপ্তির হার ১০০%। ২য় শেণি চাহিদা-২৬৮৩৫, বরাদ্দ-২৬৮৩৫, প্রাপ্তি-২৬৮৩৫, প্রাপ্তির হার ১০০%। ৩য় শ্রেণি-৪৯২৬০, বরাদ্দ-৪৯২৬০, প্রাপ্তি- ৪৯২৬০, প্রাপ্তির হার-১০০%। ৪র্থ শ্রেণি-৪৯০২০, বরাদ্দ ৪৯০২০, প্রাপ্তি-৪৯০২০, প্রাপ্তির হার-১০০%। ৫ম শ্রেণি-৪৩৮৬০, বরাদ্দ-৪৩৮৬০, প্রাপ্তি-৪৩৮৬০, প্রাপ্তির হার-১০০%। মোট চাহিদা-২১৫৯২০, বরাদ্দ-২১৫৯২০, প্রাপ্তি-২১৫৯২০, প্রাপ্তির হার- ১০০%। আগামী ০১ জানুয়ারী ২০২২খ্রি. তারিখে সকল প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থীর হাতে বই পৌঁছে দেওয়া হবে। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ০১. আগামী ০১ জানুয়ারী ২০২২খ্রি. তারিখে সকল প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থীর হাতে বই পৌঁছে দিবেন এবং শিক্ষার্থীদের উপস্থিতির হার বাড়ানো জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে ও শিক্ষার্থীদেরকে উৎসাহিত করতে হবে। | ০১. উপজেলা শিক্ষা অফিসার, বিজয়নগর। |
| ০৭। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বিজয়নগর উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় কাবিখা / কাবিটা সাধারন, বিশেষ এবং টি আর সাধারণ বিশেষ এর ১ম পর্যায়ের কাজ চলমান অবস্থায় আছে। অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১. বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ০১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৮। উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক বেষ্টনীর আওতায় বিজয়নগর উপজেলার ২০২১-২২ অর্থ বছরের সেপ্টেম্বর/২০২১খ্রি. তারিখ পর্যন্ত  বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীর ভাতাভোগীদের ভাতা ব্যাংক এশিয়ার মাধ্যমে বিতরণ সম্পন্ন করা হয়েছে। পল্লী সমাজসেবা ও পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পানদের জন্য "সুদমুক্ত ক্ষুদ্রঋণ জাগরণী সপ্তাহ" উদযাপন করা হয়েছে এবং সকলভাবে সম্পন্ন করা হয়েছে। বিনিয়োগের লক্ষ্যমাত্রা ১৫,৩৫,০০০/-, বিনিয়োগ করা হয়েছে ১৫,২০,০০০/- এবং পুনঃ বিনিয়োগ করা হয়েছে ১৫,১০,০০০/-; আদায়ের লক্ষ্যমাত্রা ছিলো ১০,৩৪,৪০০/- আদায় করা হয়েছে ১১,০০,৩২০/- টাকা। বিভাগের অন্যানা কার্যক্রম স্বাভাবিকভাবে আছে। | ০১. ভাতা প্রদানের জন্য মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। | ১. উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৯। সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, দাড়িয়াপুর আশ্রয়ণ-২ প্রকল্পে ঋন বিতরণ ১৭,৪০,০০০/- টাকা, ঋণ আদায় ১১,৩৬,৯৫২/- টাকা, সার্ভিস চার্জ-৮৩,৬১৬/- টাকা, অনাদায়ী ৬,০৩০,৪৮/-, ব্যাংক স্থিতি ১৪,৮৭,২২০/- রয়েছে। উক্ত প্রকল্পে ঋণ গ্রহণকারী ০৫জন সদস্য মৃত্যুবরন করিয়াছেন। তাদের নিকট ঋণের আসল বাবদ ৫৬,৪৫৫/- এবং সার্ভিস চার্জ-৪,১৫১/- টাকা পাওনা রহিয়াছে খেলাপী ঋণের পরিমাণ-৭০,১৬৪/- টাকা। মির্জাপুর আশ্রয়ন-২ প্রকল্প ঋণ বিতরণ ১০,৫০,০০০/- টাকা ৩৫ জন সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে। ঋণের আসল আদায় ৪,৪৪৯৩০/- ও সার্ভিস চার্জ আদায় ২৯,৭৪৫/- অনাদায়ী ৬০৫০৭০/- ব্যাংক স্থিতি ৬৯৭৯২/-টাকা। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। | ০১. ঋণের আদায় বাড়াতে হবে এবং অন্যান্য সমিতিগুলো নিয়মিত অডিট সম্পাদন করতে হবে।<br>০২. মৃত্যুবরণকারী ঋন গ্রহীতাদের কাজ থেকে প্রচলিত বিধিবিধান অনুযায়ী ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. উপজেলা সমবায় কর্মকর্তা, বিজয়নগর। |

| | | | |
|---|---|---|---|
| ১০. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২১ মাসের ভিজিডির ডিও প্রদান করা হয়েছে। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পে দু'টি ট্রেডে (ফ্যাসন ডিজাইন ও ফুড প্রসেসিং) ১৩তম ব্যাচের ৫০জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান। হরষপুর ও পাহাড়পুর ইউনিয়নে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতাভোগীদের নিয়ে নারী শিশু নির্যাতন এবং যৌতুক প্রতিরোধ, নারী ও শিশু পাচাররোধ এবং বাল্যবিবাহ অটিজম ও নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটিজ বিষয়ে সচেতনামূলক প্রশিক্ষণ ও সভা করা হয়েছে। আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও ৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস উদযাপন উপলক্ষে ৫জন নারীকে জয়িতা সম্মাননা প্রদান করা হয়েছে। গ্রামীণ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ আদায় ১০০%। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. বিভাগীয় কার্যক্রমগুলো এর ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।<br><br>০২। প্রত্যেক ইউনিয়নের ভাতাগুলো সঠিকভাবে প্রদানপূর্বক কাজের অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | ০১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিজয়নগর। |
| ১১। উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, অত্র উপজেলায় বসবাসরত বেকার যুবক ও যুব মহিলা এবং করোনা-মহামারীতে প্রবাস ফেরতদের আত্মকর্মসংস্থানের নিমিত্তে গত ০৮/১২/২০২১খ্রি. তারিখ হতে ১৪/১২/২০২১খ্রি. পর্যন্ত ০৭দিন মেয়াদী অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। চাপুরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত উক্ত প্রশিক্ষণ কোর্সের ট্রেড সমূহ "পারিবারিক হাঁস-মুরগী এবং কবুতর পালন।" উল্লেখিত প্রশিক্ষণ কোর্সে রিসোর্স পালন হিসেবে উপস্থিত ছিলেন প্রাণীসম্পদ বিভাগের কর্মকর্তাবৃন্দ। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. প্রশিক্ষন কর্মসূচী নিবিড়ভাবে সম্পন্ন করতে হবে। মাঠ পর্যায়ে প্রশিক্ষনার্থী বাছাইয়ের কাজ শতভাগ স্বচ্ছতা ও আন্তরিকতার সাথে করতে হবে। | ০১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর।<br>০২. চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, বিজয়নগর। |
| ১২। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, ১। আবর্তক (কৃষি) ২। সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী ৩। বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্মকর্মসংস্থান কর্মসূচী লক্ষ টাকায় মোট সমিতি/ দল = ৮৫টি, মোট সদস্য সংখ্যা=১৪৮৪জন , মোট ঋণ তহবিল প্রাপ্তি= ৭৮.৯২, মোট ঋণ বিতরণ (ক্রম:)=৩৫৪.৮০, মোট আদায়যোগ্য (ক্রম:)=২৮৯.৩৫, মোট ঋণ আদায় (ক্রম:)=২৮৬.২৪, আদায়ের হার (ক্রম:) ৯৯%। | ০১. ঋণের আদায় আরোও বাড়াতে হবে এবং বিভাগীয় কার্যক্রমগুলো এর ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ০১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৩। পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী সভায় জানান যে, করোনাকালীন ক্ষতিগ্রস্ত সদস্যদের মাঝে কর্মসৃজন ঋণ বিতরণের উদ্দেশ্যে ৪৩.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. দাপ্তরিক কার্যক্রম সচল রাখতে হবে। | ০১. পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী, বিজয়নগর। |
| ১৪। খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, সরাসরি কৃষকের নিকট হতে ২৭ টাকা কেজি দরে আমন ধান সংগ্রহ করা হচ্ছে। লক্ষমাত্রা-২৪০ মে.টন। কৃষকের অ্যাপসের মাধ্যমে নিবন্ধনকৃত কৃষক তালিকা থেকে কম্পিউটারের মাধ্যমে লটারি করে কৃষক বাছাই করা হয়েছে। রাইস মিল হতে ৪০ টাকা কেজি দরে সিদ্ধ চাল সংগ্রহ করা হচ্ছে। লক্ষ্যমাত্রা-৩৩৩ মে.টন ও চুক্তি ৩২৫ মে. টন এবং ৮টি রাইসমিল হতে ২৭০ মে. টন চালও ধান সংগ্রহ করা হয়। সংগ্রহের সময়সীমা ২৮ ফেব্রুয়ারী ২০২২ পর্যন্ত। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। | ০১. চাল বিতরণের ক্ষেত্রে স্বচ্ছতার নীতি অবলম্বন করতে হবে।<br><br>০২. কৃষক থেকে সরাসরি ধান ক্রয়ের জন্য তৃণমূল পর্যায়ে কাজের অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | ০১. উপজেলা খাদ্য কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৫। আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর/২০২১ খ্রি. মাসে মোট ১২ জন প্রশিক্ষণার্থীকে ২১ মেয়াদী অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ গ্রহনের জন্য আভি প্রশিক্ষন কেন্দ্র, সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়ায় প্রেরণ করা হয়েছে। এছাড়া ১জন মহিলা ভিডিপি সদস্যকে সেলাই প্রশিক্ষণের জন্য আনসার ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র, নবাবপুর, ঢাকায় প্রেরণ করা হয়। ১ জন ভিডিপি সদস্যকে মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণের জন্য আভি প্রশিক্ষণ কেন্দ্র নরসিংদী প্রেরণ করা হয়। এছাড়াও অন্যান্য প্রশাসনিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. দাপ্তরিক কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | ০১. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৬। প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, চিকিৎসা- গবাদিপশু-২০৩১টি, পোল্ট্রী- ৩০৮৮০টি, টিকা- গবাদিপশু-৩৫৭৬টি, পোল্ট্রী- ১৩৮০০টি কৃত্রিম প্রজনন: ৪৫০টি। রাজস্ব আদায়-৩৪৩৪০/-। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. বিভাগের দাপ্তরিক কার্যক্রম চলমান রাখতে হবে। | ০১. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৭। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২০২১খ্রি. মাসে ৩০টি ভেড়া গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিতিতে নিবন্ধিত জেলেদের মাঝে বিতরণ করা হয়। পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান অব্যাহত আছে। অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে। | ০১. দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখতে হবে। | ০১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিজয়নগর। |

| | | | |
|---|---|---|---|
| ১৮। জনস্বাস্থ্য প্রকৌশল অধিঃ | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২১ অর্থবছরে হাওড় অঞ্চলের নিরাপদ পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় বরাদ্দ ১৭টি গভীর নলকূপ ও ৩০০টি সাব-মার্সেবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর কাজ চলমান। এছাড়া প্রকল্পের আওতায় ৯০টি ইস্প্রত ও ৪০টি টয়লেট এর কাজ চলমান রয়েছে। ২০২১-২২ অর্থ বছরে ২৬০টির মধ্যে ৭৮টির কাজ চলমান আছে। যার বরাদ্দ জনাব র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী এমপি মহোদয়ের নামে ১৩০টি এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নামে ১৩০টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া যায়। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. গভীর নলকূপ এর চলমান কাজ সার্বক্ষণিক তদারকি করতে হবে।<br>০২. জনগণের চাহিদাগুলো সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে এবং কোনোরূপ সমস্যা পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | ০১. জনস্বাস্থ্য প্রকৌশলী, বিজয়নগর। |
| ১৯। পল্লী দারিদ্র বিমোচন | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২০২১ মাসের মোট সমিতির সংখ্যা ৫৩, সদস্য সংখ্যা ১৫৭০জন, ক্ষুদ্র ঋণ সদস্য সংখ্যা-১২১২জন, ক্ষুদ্র ঋণ বিতরন-৮৯৩.৩৫ লক্ষ, ক্ষুদ্র ঋণ আদায়-৮৬৬.০১ লক্ষ, মোট আদায় হার ৯৭%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণী সদস্য ৮৭জন, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ ৯০০.৫০ লক্ষ, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়যোগ্য ৮৯৯.০০ লক্ষ। ক্ষুদ্র আদায় হার ৯৮%। বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১. ঋণ বিতরণ ও ঋণ আদায়ের হার আরও বাড়াতে হবে। মাঠ পর্যায়ে বাড়ি বাড়ি গিয়ে সচেতনতা মূলক সভা করার পাশাপাশি মানুষকে ঋণ এর সুফল সম্পর্কে অবগত করতে হবে। | ০১. পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২০। বিএডিসি (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্রসেচ) সভায় জানান যে, চলতি-২০২১-২২ অর্থ বছরে চলমান "ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর ও ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় ভূ-পরিস্থ পানি ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্রসেচ ও সেচ দক্ষতা বৃদ্ধিকরণ কর্মসূচী" এর আওতায় বিজয়নগর উপজেলায় খাল খনন-৫.০০ কি.মি. (বুপার খাল-২.৭৫ কি.মি. পোনার খাল-২.২৫ কি.মি.). অগভীর নলকূপে ৪০০মি. বারিড পাইপ লাইন নির্মাণ-০৯ টি, এলএলপি স্কীমে ৬০০ মি. বারিড পাইপ লাইন নির্মাণ-০৩টি, ওয়াটার পাস নির্মাণ-৪টি কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। উপযোগী সাইটসমূহে ইতোমধ্যে কাজ শুরু হয়েছে। "কুমিল্লা-চাঁদপুর-ব্রাহ্মণবাড়িয়া জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্প" এর আওতায় ওয়াটার পাস নির্মাণ-৫টি সমাপ্ত হয়েছে। গভীর নলকূপের পাম্প হাউজ নির্মাণ কাজ-০২টি চলমান আছে। কাজের গুনগতমান নিশ্চিত করার লক্ষ্যে মাঠ পর্যায়ে তদারকী চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. খাল খনন ও বিভিন্ন আকারের সেচ অবকাঠামো নির্মাণ, সেচ নালা নির্মাণের কাজ শতভাগ স্বচ্ছতার সাথে করতে হবে। কাজের গুণগত মান বজায় রাখতে হবে এবং নিয়মিত তদারকি জোরদার করতে হবে। | ০১. উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), বিজয়নগর |
| ২১। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, চলতি আর্থিক সালে বিক্রয়/বিতরণের ২০০০টি বিবিধ যাতের চারা উত্তোলনের কাজ চলমান আছে। অত্র উপজেলার অবৈধ করাত কলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা এবং উচ্ছেদ অভিযান কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে আছে। | ০১. বরাদ্ধ অনুযায়ী চারাগাছ লাগানো এবং বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. উপজেলা বন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২২. পরিসংখ্যান ব্যুরো | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, প্রধান ফসল ৬টি ও অপ্রধান ফসল ১৫০টি, পূর্বাভাস জরিপ তথ্য সংগ্রহ, উৎপাদন খরচ হিসাব, ক্ষয়ক্ষতির হিসাব প্রভৃতি তথ্য সংগ্রহ কার্যক্রম নিয়মিতভাবে সম্পন্ন করা হচ্ছে। এর মাধ্যমে মুদ্রাস্ফীতি ও CPI (Consumer Price Index) নির্ণয় করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে আছে। | ০১. বিভাগীয় কাজের সঠিক তথ্যগুলোর ধারাবাহিকতা অগ্রগতি বাড়াতে হবে। | ০১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিজয়নগর। |
| ২৩। ইউআরসি | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং আগামী মাসের মধ্যে শিক্ষকদের প্রশিক্ষণ হওয়ার সম্ভাবনা আছে। | ০১. দাপ্তরিক কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | ০১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিজয়নগর |
| ২৪। পল্লী বিদ্যুৎ বিভাগ | উপজেলা পল্লী বিদ্যুৎ কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর /২০২১ মাসের প্যারামিটারের মোট গ্রাহকের সংখ্যা ৪৭,৮০৫ এবং সর্বমোট ইয়ার টু ডেট ৪৭,৮০৫ । উপজেলা পরিষদ কমপ্লেক্স হিসাব নং- ৯০১/২০০০ এর বিপরিতে (০১/১৮/-১০/২১) মাস পর্যন্ত বিদ্যুৎ বিল বাবদ মোট ৬,৭১,৬৭১/- (ছয় লক্ষ একাত্তর হাজার ছয়শত একাত্তর) টাকা বকেয়া আছে। এছাড়া বিভিন্ন সরকারি অফিসে/ দপ্তরে বিদ্যুৎ বিল বকেয়া আছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. অপ্রয়োজনীয় লোড শেডিং না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করতে হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. এজিএম, উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি, বিজয়নগর। |
| ২৫। ইসলামিক মিশন হাসপাতাল | ইসলামিক মিশন হাসপাতালের সিনিয়র মেডিকেল অফিসার জানান যে, ডিসেম্বর/২১ মাসের অত্র উপজেলার মিশন কেন্দ্রটিতে -১১৯০জন এ্যালোপ্যাথিক রোগী-৫৩জন প্যাথলজি পরিক্ষা এবং ২০জন রোগীকে হোমিও চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। পাশাপাশি সেলাই প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ২০জন দুঃস্থ বিধবা মুসলিম মহিলাকে সেলাই প্রশিক্ষণের | ০১. দাপ্তরিক কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | ০১. ইসলামিক মিশন হাসপাতাল, বিজয়নগর। |

| | | | |
|---|---|---|---|
| | মাধ্যমে স্বাবলম্বী করা হয়েছে। লুৎফুর রহমান ফাউন্ডেশন কর্তৃক নির্মানাদিন প্যাথলিজি ভবনটি হস্তান্তর প্রক্রিয়াটি চলমান রয়েছে। এছাড়া অত্র বিভাগের অন্যান্য সেবা এবং কার্যক্রম চলমান আছে। | | |

বিবিধ আলোচনা-০১ : পত্রিকার বিল পরিশোধ সংক্রান্ত বিষয়ের আলোচনা-

চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৫ এর (ত) অনুচ্ছেদ অনুযায়ী পত্রিকার বিল বাবদ অর্থ রাজস্ব তহবিল হতে ব্যয় করার বিধান রয়েছে। ২০২০-২১ অর্থ বছরের জুলাই/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত ০৬ মাসের পত্রিকার বিল ১৪,৪০০/- টাকা পরিশোধে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ সভায় আলোচনান্তে ১৪,৪০০/- টাকার বিল রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর।

(নাছিমা মুকাই আলী)
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং : ০০.৪২.০৫৬৬.০০০.০৬.০০১.২২- / (৪০)

তারিখ: ১৫ পৌষ ১৪২৮ বাংলা
৩০ ডিসেম্বর-২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মাননীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া-৩ ও সভাপতি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বিষয়ক সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৭। উপজেলা ............................................. অফিসার (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৮। চেয়ারম্যান, ......................................... ইউপি (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

(এ এইচ ইরফান উদ্দিন আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।